

Psa

Chapter 106

Bengali Interlinear

Reference: Bengali Bible

1 וְהִלָּלוּהוּ הַיּוֹדִים לַיהוָה כִּי-טוֹב כִּי לְעוֹלָם חַסְדּוֹ:
H5769 H3068 H3034

প্রভুর প্রশংসা কর! প্রভুকে ধন্যবাদ দাও কারণ তিনি মঙ্গলময়! ঈশ্বরের প্রেম চিরন্তন!

2 מִי יִמְלֵל גְּבוּרֹת יְהוָה יִשְׁמִיעַ כָּל-תְּהִלָּתוֹ:
H8416 H3605 H8085 H3068 H1369 H4310

ঈশ্বর যে প্রকৃতপক্ষে কত মহান তা কেউই বর্ণনা করে বলতে পারবে না | কোন ব্যক্তিই ঈশ্বরের যথেষ্ট প্রশংসা করতে পারে না |

3 אֲשֶׁרִי שִׁמְרִי מִשְׁפָּט עֲשֵׂה צְדָקָה בְּכָל-עֵת:
H6256 H3605 H6666 H4941 H8104 H0835

যারা ঈশ্বরের নির্দেশ মানে তারা সুখী হয় | ওই সব লোক সর্বদাই ভালো কাজ করে |

4 זָכְרֵנִי יְהוָה בְּרָצוֹן עֲמָךְ אֶפְרָיִם בִּישׁוּעָתָךְ:
H3444 H7522 H3068 H2142

হে প্রভু, যখন আপনি আপনার লোকদের দয়া করবেন, তখন আমার কথা স্মরণে রাখবেন | যখন আপনি আপনার লোকদের রক্ষা করবেন তখন আমায় মনে রাখতে ভুলে যাবেন না |

5 אֲלֹרְאוֹת בְּטוֹבָה בְּחִירָיִךְ לְשִׁמְחַת בְּשִׂמְחַת גּוֹיִךְ לְהַתְהַלֵּל עִם-נְחִלָּתָךְ:
H5159 H8057 H8055 H0972 H7200

আপনার পছন্দ করা লোকদের জন্য আপনি যে সব ভালো কাজ করেন, আমাকেও তার অংশীদার হতে দিন | আপনার জাতির সঙ্গে আমাকেও আনন্দ করতে দিন | আপনার লোকদের সঙ্গে আমাকেও আপনার প্রশংসা করতে দিন |

6 חַטָּאֵנוּ עִם-אַבּוֹתֵינוּ הָעֵינֵנוּ הִרְשָׁעְנוּ:
H7561 H0001 H2398

যেমন ভাবে আমাদের পূর্বপুরুষরা পাপ করেছে, আমরাও তেমন ভাবেই পাপ করেছি | আমরা ভুল করেছি | আমরা গর্হিত কাজ করেছি!

7 אַבּוֹתֵינוּ וּבְמִצְרַיִם לֹא-הִשְׁלִיכוּ נִפְלְאוֹתֶיךָ לֹא-זָכְרוּ אֶת-רַב חַסְדֶּיךָ וַיִּמְרוּ
H4784 H7230 H0853 H2142 H3808 H6381 H3808 H4714 H0001
עַל-יָם בַּיִם-קוֹף:
H5488 H3220 H3220

হে প্রভু, মিশরে আপনি যে সব অলৌকিক কাজ করেছিলেন তা থেকে আমাদের পূর্বপুরুষরা কিছুই শেখেনি | তারা আপনার ভালবাসা ও দয়া মনে রাখে নি | লোহিত সাগরের ধারে, আমাদের পূর্বপুরুষরা, আপনার বিরুদ্ধচরণ করেছিল |

8 וַיֹּשִׁיעֵם לְמַעַן שְׁמוֹ לְהוֹדִיעַ אֶת-גְּבוּרָתוֹ:
H1369 H0853 H3045 H8034 H4616 H3467

কিন্তু তাঁর পবিত্র নামের মহিমার জন্য ঈশ্বর তাদের রক্ষা করেছিলেন। তাঁর মহৎ শক্তিপ্রদর্শনের জন্য ঈশ্বর ওদের রক্ষা করেছিলেন।

9 וַיַּעַר בָּיִם-סוּף וַיִּחַרְבּ וַיּוֹלִיכֵם בְּתַהֲמוֹת כְּמִדְבָּר׃
H1605 H3220 H5488 H3212 H8415

ঈশ্বর আজ্ঞা দিয়েছিলেন এবং লোহিত সাগর শুকিয়ে গিয়েছিলো। শুকনো মরুভূমি দিয়ে চলার মত, তিনি আমাদের পূর্বপুরুষদের সমুদ্রের গভীরতার ভেতর দিয়ে ডাঙাঘ নিয়ে গিয়েছিলেন।

10 וַיּוֹשִׁיעֵם מִיַּד שׂוֹנָא וַיִּנָּאֲלֵם מִיַּד אוֹיֵב׃
H3467 H3027 H8130 H3027 H0341

ঈশ্বর আমাদের পূর্বপুরুষদের শত্রুদের হাত থেকে আমাদের বাঁচিয়েছিলেন! তাদের শত্রুদের হাত থেকে ঈশ্বর তাদের উদ্ধার করেছিলেন।

11 וַיַּכְסֹּוּ מִיָּם צָרִיגָם אַחַר מָוֶה לֹא נֹתַר׃
H3680 H4325 H0259 H1992 H3808 H3498

ঈশ্বর সমুদ্র দ্বারা ওদের শত্রুদের আবৃত করেছিলেন! ওদের একজন শত্রুও পালাতে পারে নি!

12 וַיֵּאֱמִינוּ בְּדַבְּרָיו וְשִׁירוּ תְהִלָּתוֹ׃
H0539 H1697 H7891 H8416

তারপর আমাদের পূর্বপুরুষরা ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন। তাঁরা তাঁর প্রশংসা করেছিলেন।

13 מִהָרֹו שָׂכָחוּ מַעֲשָׂיו לֹא-חָפוּ לַעֲצָתוֹ׃
H7911 H4639 H3808 H2442 H6098

কিন্তু ঈশ্বর যা করেছিলেন, আমাদের পূর্বপুরুষরা খুব তাড়াতাড়ি তা ভুলে গিয়েছিলেন। তাঁরা ঈশ্বরের পরামর্শের জন্য অপেক্ষা করেন নি।

14 וַיִּתְּאוּ תַּאֲוָה בְּמִדְבָּר וַיִּנְסֹו-אֵל בִּישִׁמּוֹן׃
H0183 H8378 H5254 H0410 H3452

আমাদের পূর্বপুরুষরা মরুভূমিতে ক্ষুধার্ত হয়েছিলেন। উষর প্রান্তরে তাঁরা ঈশ্বরকে পরীক্ষা করেছিলেন।

15 וַיִּתֵּן לָהֶם שְׂאֵלָתָם וַיִּשְׁלַח רָזוֹן בְּנִפְשָׁם׃
H5414 H1992 H7596 H7971 H7332 H5315

কিন্তু আমাদের পূর্বপুরুষরা যা চেয়েছিলেন, ঈশ্বর ওদের তাই দিয়েছিলেন। কিন্তু ঈশ্বর ওদের এক ভয়াবহ রোগও দিয়েছিলেন।

16 וַיִּקְנָאוּ לְמֹשֶׁה בְּמַחֲנֵה לְאַהֲרֹן קָדֹשׁ יְהוָה׃
H7065 H4872 H4264 H0175 H6918 H3068

পবিত্র শিবিরে লোকরা বিশ্বস্ত রইল এবং মোশি ও হারোণের প্রতি তাদের উদ্যম দেখাল।

17 תַּפְחֹחַ אֲרָץ וּתְבִלַּע דָּתָן וְאֶחָד עַל-עֲדַת אֲבִירָם׃
H0776 H1104 H1885 H3680 H5712 H0048

কিন্তু দাথন এবং অবীরামের গোষ্ঠীর দিকে মাটি দ্বিধাবিভক্ত হল, তাদের গিলে ফেলল এবং ঢেকে দিল।

18 וּתְבַעַר-אֵשׁ בְּעֶרְתָּם לְהַכֹּה תְּלָהֵט רְשָׁעִים׃
H0784 H5712 H3852 H3857 H7563

তারপর এক আগুনের হক্ক সেই জনতাকে পুড়িয়ে দিলো। তারপর আগুন সেই সব দুষ্ট লোকদের পুড়িয়ে দিলো।

19 יַעֲשֶׂה- עֲגֹל בְּחֶרֶב וַיִּשְׁתַּחֲוֶה לְמַסַּכָּה:

H5695 H2722 H7812

হোরেব পর্বতে তারা একটা সোনার বাছুর তৈরী করেছিল। তারা সেই মূর্তিকে পূজা করেছিলো।

20 וַיִּמְרוּ- אֶת- כְּבוֹדָם בְּתַבְנִית שׁוֹר אֲכָל עֵשֶׂב:

H4171 H0853 H3519 H8403 H7794 H0398 H6212

এই ভাবে তৃণগ্রাসী বলদ মূর্তির সঙ্গে ওদের মহিমাময় ঈশ্বরের আদান-প্রদান করেছিলো!

21 שָׂכְחוּ- אֶל מוֹשִׁיעֵם עֲשָׂה נִדְלוֹת בְּמִצְרַיִם:

H7911 H0410 H3467 H4714

ঈশ্বর আমাদের পূর্বপুরুষদের রক্ষা করেছিলেন! কিন্তু তাঁরা তাঁকে সম্পূর্ণ ভুলে গিয়েছিলেন। মিশরে যে ঈশ্বর বিরাট অলৌকিক কাজ করেছিলেন, তাঁকে তাঁরা ভুলে গেলেন।

22 גִּפְלָאוֹת בְּאֶרֶץ חָם נִזְרָאוֹת- עַל- יַם- סוּף:

H6381 H0776 H2526 H3372 H3220 H5488

হামের দেশে ঈশ্বর আশ্চর্য্য কার্য করেছিলেন। লোহিত সাগরের ধারে ঈশ্বর ভয়ঙ্কর কাজ করেছিলেন।

23 וַיֹּאמֶר לְהַשְׁמִידָם לִוְיִי מֹשֶׁה בְּחִירוֹ עָמַד בְּפָרָץ לִפְנֵי לְהָשִׁיב חֲמָתוֹ מִהַשְׁחִית:

H0559 H8045 H3884 H4872 H0972 H5975 H6556 H6440 H7725 H2534 H7843

ঈশ্বর ওসব লোককে ধ্বংস করতে চেয়েছিলেন। কিন্তু মোশি, যাকে তিনি মনোনীত করেছিলেন তিনি ঈশ্বরকে নিরস্ত করেন। ঈশ্বর তীষণ ক্রুদ্ধ হয়েছিলেন, কিন্তু মোশি পথ রোধ করে দাঁড়ান তাই ঈশ্বর সেইসব লোকদের আর ধ্বংস করেন নি।

24 וַיִּמָּאֲסוּ בְּאֶרֶץ חֲמֹדָה לֹא- הָאֱמִינִי לְדָבָרוֹ:

H0776 H3808 H0539 H1697

কিন্তু তারপর এই সব লোক কনানের চমৎকার রাজ্যে প্রবেশ করতে অস্বীকার করে। ওরা বিশ্বাস করেনি যে, ওই দেশে (কনানে) বসবাসকারী মানুষদের পরাজিত করতে ঈশ্বর ওদের সাহায্য করবেন।

25 וַיְרַגְּנוּ בְּאַהֲלֵיהֶם לֹא שָׁמְעוּ בְּקוֹל יְהוָה:

H7279 H0168 H3808 H8085 H3068

আমাদের পূর্বপুরুষরা ঈশ্বরের বিরুদ্ধে ক্ষোভ করতে তাঁবুর ভেতরে রয়ে গিয়েছিলেন। তাঁরা প্রভুর কণ্ঠস্বর শুনতে অস্বীকার করেছিলেন।

26 וַיֵּשֶׂא יְדֹוֹ לָהֶם לְהַפִּיל אוֹתָם בַּמִּדְבָּר:

H5375 H3027 H1992 H5307 H0853

তাই ঈশ্বর প্রতিশ্রুতি করেছিলেন যে তাঁরা মরুভূমিতে মারা যাবেন।

27 וּלְהַפִּיל זָרְעָם בְּנוֹיִם וּלְזָרוּתָם בְּאֶרְצוֹת:

H5307 H2233 H2219 H0776

ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, তিনি অন্য লোকদের তাদের উত্তরপুরুষদের পরাজিত করতে দেবেন। ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, আমাদের পূর্বপুরুষদের তিনি বিভিন্ন জাতিদের মধ্যে ছড়িয়ে দেবেন।

28 וַיַּצְמִדוּ פְּעֹזֵר לְבַעַל וַיִּאֲכְלוּ זִבְחֵי מִתִּים:

H6775 H1187 H0398 H2077 H4191

তারপর, বাল-পিয়োরে, ঈশ্বরের লোকরা বাল মূর্তির পূজা করায় যোগ দিয়েছিলো। ঈশ্বরের লোকরা জংলী দলটিতে যোগ দিয়েছিলো এবং মৃত লোকের সম্মানে উৎসর্গ করা বলি আহার করেছিলো।

29 וַיְכַעֲסוּ בְּמַעַלְלֵיהֶם וַתַּפְּרִץ-כֹּם מִגִּפְתָּה׃
H3707 H4611 H6555 H4046

ঈশ্বর তাঁর লোকদের প্রতি ভীষণ ক্রুদ্ধ হয়েছিলেন এবং তিনি তাদের ভীষণ অসুস্থ করে দিয়েছিলেন।

30 וַיַּעֲמֵד פִּינְחָס וַיַּפְלֵל וַתַּעֲזָר הַמִּגְפָּה׃
H5975 H6372 H6419 H6113 H4046

কিন্তু পীনহস ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলো এবং ঈশ্বর অসুস্থতা রদ করেছিলেন।

31 וַתַּחֲשֹׁב לֹו לְצַדִּיקָהּ לָדָר וְדָר-עָר-עוֹלָם׃
H2803 H6666 H1755 H1755 H5704 H5769

ঈশ্বর জানতেন যে পীনহস খুব ভালো একটা কাজ করেছিলো। ঈশ্বর সেটা চিরদিন, অনন্তকালের জন্য স্মরণে রাখবেন!

32 וַיִּקְצִיפוּ עָלָי-מִי מְרִיבָה וַיִּרְעֵ לְמִשְׁחָה בַּעֲבוּרָם׃
H7107 H4325 H4808 H4872 H5668

মরীবার কাছে লোকজন প্রচণ্ড ক্রোধান্বিত হল। তারা মোশিকে দিয়ে কিছু কু-কাজ করালো।

33 כִּי-הָמָרוּ אֶת-רוּחֹו וַיִּבְטֹא בַשִּׁפְתָּיו׃
H4784 H0853 H7307 H0981 H8193

কারণ ওই লোকরা মোশিকে ভীষণ বিমর্ষ করে তুলল এবং সে কিছু চিন্তা-ভাবনা না করেই কথা বলল।

34 לֹא-הָשְׁמִידוּ אֶת-הָעַמִּים אֲשֶׁר אָמַר יְהוָה לָהֶם׃
H3808 H8045 H0853 H0559 H3068 H1992

ঈশ্বর তাঁর লোকদের কনানে অন্য জাতিসমূহ যারা বাস করছিল তাদের ধ্বংস করে দিতে বললেন। কিন্তু ইস্রায়েলের লোকরা ঈশ্বরের কথা মান্য করে নি!

35 וַיַּתְּעֲרְבוּ בְּנוֹיָם וַיִּלְמְדוּ מַעֲשֵׂיהֶם׃
H6148 H3925 H4639

তারা অন্য জাতিগুলোর সঙ্গে মেলামেশা করেছিল এবং তারা যা করত ওরা তাই করতে শিখেছিল।

36 וַיַּעֲבְדוּ אֶת-עַצְבֵּיהֶם וַיַּהֲיוּ לָהֶם לְמוֹקֵשׁ׃
H5647 H0853 H6091 H1961 H1992 H4170

ওই লোকগুলো ঈশ্বরের লোকদের জন্য ফাঁদের মতই ভয়ঙ্কর হল। ঈশ্বরের লোকরাও সেইসব মূর্তিসমূহের পূজা করতে শুরু করলো যাদের ওরা পূজা করত।

37 וַיִּבְחָו אֶת-בְּנֵיהֶם וְאֶת-בְּנוֹתֵיהֶם לְשָׂרִים׃
H2076 H0853 H0853 H1323 H7700

এমনকি ঈশ্বরের লোকেরা তাদের সন্তানদের পর্যন্ত হত্যা করেছিলো এবং ওই দানবদের কাছে উৎসর্গ করেছিলো।

38 וַיִּשְׁפְּכוּ דָם נָקִי דָם-בְּנֵיהֶם וּבְנוֹתֵיהֶם אֲשֶׁר וּבָחוּ לַעֲצָבִי כָנָעַן וְהַחִנֵּף הָאֶרֶץ

[H0776](#) [H2610](#) [H6091](#) [H2076](#) [H1323](#) [H1818](#) [H1818](#) [H8210](#)

בְּרָמִים:
[H1818](#)

ঈশ্বরের লোকরা নিস্পাপ লোকদের হত্যা করেছিলো | ওরা ওদের নিজেদের সন্তানদেরও হত্যা করেছিলো এবং তাদের মূর্তিসমূহের উদ্দেশ্যে উৎসর্গ করেছিলো |

39 וַיִּטְמְאוּ בְּמַעֲשֵׂיהֶם וַיִּזְנוּ בְּמַעַלְלֵיהֶם:

[H4611](#) [H2181](#) [H4639](#)

তাই অন্য লোকদের পাপে ঈশ্বরের লোকরা অপবিত্র হয়ে উঠেছিল | ঈশ্বরের লোকরা তাদের ঈশ্বরের কাছে অবিশ্বাসী হয়ে উঠেছিলো এবং অন্য লোকরা যা করতো ওরাও তাই করতে শুরু করেছিল |

40 וַיִּחַר-אֵף וַיִּחַנּוּ בְּעָמּוֹ וַיִּתְּעַב אֶת-נַחֲלָתוֹ:

[H5159](#) [H0853](#) [H8581](#) [H3068](#) [H0639](#) [H2734](#)

ঈশ্বর তাঁর লোকজনের ওপরে চটে গেলেন | তাদের ব্যাপারে ঈশ্বর ক্লান্ত হয়ে গেলেন |

41 וַיִּתְּנֵם בְּיַד-גּוֹיִם וַיִּמְשְׁלוּ בָהֶם שְׂנְאֵיהֶם:

[H8130](#) [H4910](#) [H3027](#) [H5414](#)

ঈশ্বর তাঁর লোকদের, কেউ চায় নি এমন কিছুতে পরিবর্তন করে দিলেন | ঈশ্বর ওদের শত্রুদের দিয়ে ওদের শাসন করালেন |

42 וַיִּלְחָצוּם וַיִּלְחָצוּם אוֹיְבֵיהֶם וַיִּכְנְעוּ תַּחַת יָדָם:

[H3027](#) [H8478](#) [H3665](#) [H0341](#) [H3905](#)

ঈশ্বরের লোকদের শত্রুরা ওদের দাবিয়ে রাখলো এবং তাদের নিজেদের ক্ষমতার মধ্যে রাখলো |

43 פָּעָמִים רַבּוֹת יִצְיָלוֹם וְהִמָּה יִמְרוּ בַּעֲצָתָם וַיִּמְכוּ בַּעֲוֹנָם:

[H5771](#) [H4355](#) [H6098](#) [H4784](#) [H1992](#) [H5337](#) [H6471](#)

ঈশ্বর তাদের বহুবার রক্ষা করেছিলেন কিন্তু তারা ঈশ্বরের উপদেশের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল | অতএব, এই কারণে লোকদের সম্মানে খাটো করা হয়েছিল |

44 וַיֵּרָא בָצָר לָהֶם בְּשִׁמְעוֹ אֶת-רִנָּתָם:

[H7440](#) [H0853](#) [H8085](#) [H1992](#) [H7200](#)

কিন্তু ঈশ্বরের লোকরা যখনই সমস্যায় পড়েছে ওরা সাহায্যের জন্য ঈশ্বরকে ডেকেছে এবং প্রত্যেকবারই ঈশ্বর ওদের প্রার্থনা শুনেছেন |

45 וַיִּזְכֹּר לָהֶם בְּרִיתוֹ וַיִּנָּחֶם בָּרָב [חֲסִדוֹ] (חֲסִדָּיו):

[H7230](#) [H5162](#) [H1285](#) [H1992](#) [H2142](#)

ঈশ্বর সর্বদাই তাঁর চুক্তির কথা স্মরণে রেখেছিলেন এবং তাঁর মহৎ প্রেম দিয়ে তিনি সর্বদাই ওদের স্বস্তি দিয়েছিলেন |

46 וַיֵּתֵן אוֹתָם לְרַחֲמִים לְפָנָי כָּל-שׁוֹבֵיהֶם:

[H7617](#) [H3605](#) [H6440](#) [H0853](#) [H5414](#)

অন্য জাতিরা ওদের বন্দী হিসেবে নিয়ে গিয়েছিলো | কিন্তু তাঁর লোকদের প্রতি ওদের সদয় করেন |

47 והוֹשִׁיעֵנו יְהוָה אֱלֹהֵינוּ וְקַבְּלֵנוּ מִן הַגּוֹיִם לְהַדְרֹת לְשׁוֹן קִדְשְׁךָ לְהַשְׁתַּבַּח בְּתַהֲלֻלָּהּ:

[H8416](#) [H6944](#) [H8034](#) [H3034](#) [H6908](#) [H0430](#) [H3068](#) [H3467](#)

হে প্রভু, আমাদের ঈশ্বর, আমাদের রক্ষা করুন! আমাদের অন্য সব জাতি থেকে ফিরিয়ে নিয়ে আসুন যাতে আমরা আপনার পবিত্র নামের প্রশংসা করতে পারি এবং বন্দনা গান করে আপনাকে সম্মান করতে পারি।

48 בְּרוּךְ יְהוָה אֱלֹהֵי יִשְׂרָאֵל מִן הָעוֹלָם וְעַד הָעוֹלָם וְאָמֵן כָּל־הָעָם אָמֵן

[H0543](#) [H3605](#) [H0559](#) [H5769](#) [H5704](#) [H5769](#) [H3478](#) [H0430](#) [H3068](#) [H1288](#)

הָלֵלוּ יְהוָה

[H3050](#)

ইস্রায়েলের প্রভু ঈশ্বরের বন্দনা কর। ঈশ্বর চির বিরাজমান এবং তিনি চিরদিন বিরাজিত থাকবেন। সব লোকরা বলল, “আমেন! প্রভুর প্রশংসা কর!”